কালের কণ্ঠ

তারিখ 23 FEB 2014
পৃষ্ঠা ... কলাম ...

বগুড়ায় শ্রেণীকক্ষে ককটেল বিস্ফোরণ, দুই ছাত্র আহত

বগুড়া অফিস ▶

বগুড়ার সোনাতলার বামুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণীকক্ষে কুড়িয়ে পাওয়া ককটেল বিস্ফোরণে দুই ছাত্র আহত হয়েছে। শনিবার তাদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

আহত দুই শিক্ষার্থীই বামুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণীর ছাত্র। তাদের মধ্যে দিগদাইর গ্রামের সহিদুল ইসলামের ছেলে আহাদ হোসেনের (৮) দুই পায়ে এবং রশিদপুর গ্রামের রজব আলীর ছেলে তৌফিকুল ইসলামের (৯) এক পায়ে ককটেলের শ্রিপ্টার আঘাত করে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক অমরেশ চন্দ্র জানান, গতকাল শনিবার বিদ্যালয়ের প্রভাতী শাখার ক্লাস শেষে দুপুর ১২টায় দিবা শাখার (তৃতীয় থেকে পঞ্চম শ্রেণী) প্রথম ক্লাস শুরু হয়। ক্লাস শুরুর কিছু পরই তৃতীয় শ্রেণীর ভেতরে বিকট শব্দে ওই ককটেলের বিস্ফোরণ ঘটে। তাৎক্ষণিক তিনিসহ সব ক্লাসের শিক্ষক সেখানে ছুটে যান। গিয়ে আহাদ ও তৌফিককে রক্তাক্ত অবস্থায় দেখেন। পরে এলাকাবাসীর সহায়তায় তাদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

প্রধান শিক্ষক বলেন, 'ওই দুই ছাত্রকে হাসপাতালে পাঠানোর পর অন্য শিক্ষার্থীদের কাছ থেকে জানতে পারি, আহত আহাদ বিদ্যালয়ে আসার পথে স্কচটেপ পেঁচানো একটি বস্তু কুড়িয়ে পায়। সেটি পকেটে নিয়ে সে ক্লাসে ঢোকে। সম্ভবত বস্তুটি পকেটে নিয়ে ক্লাসের বেঞ্চে বসতে তার সমস্যা হচ্ছিল। এ কারণে সেটি পকেট থেকে বের করতে গেলে তা পড়ে গিয়ে বিস্ফোরণ ঘটে। এতে সে নিজে এবং তার পাশে বসা অন্য ছাত্রটি আহত হয়।'

স্থানীয় বাসিন্দাদের মধ্যে এনামুল হক, রাজিবুল আলমসহ অনেকেই জানান, ভোটের দিন থেকে শুরু করে পরবর্তী সময়ে বালুয়া ইউনিয়নের প্রতিটি এলাকাতেই বিএনপি ও আওয়ামী লীগের মধ্যে উত্তেজনা, ধাওয়া-পাল্টাধাওয়া হচ্ছে। সোনাতলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক শৈলেন চন্দ্র রায় জানান, আহতদের রক্তক্ষরণ হলেও তারা শঙ্কামুক্ত। তবে কয়েক দিন হাসপাতালে ভর্তি রেখে তাদের চিকিৎসা করা হবে।

সোনাতলা থানার ওসি এ কে এম খালেকুজ্জামান বলেন, ঘটনার পর পরই সেখানে পুলিশ পাঠানো হয়।